গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

এসআরও নং ১৭১-আইন/২০০৯, তাং ৩০-০৬-২০০৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১৭৯-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৯শে ভাদ্র, ১৪০৫ বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৯-আইন/৯৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রথম অনুচ্ছেদ এর-

(ক) "বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরী" শব্দগুলি ও কমাগুলি যেখানেই উল্লিখিত থাকুক না কেন, এর পরিবর্তে "বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক,

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

ট্যাংক-লরী বা মালবহনকারী অটোরিক্সা" শব্দগুলি ও কমাগুলি সর্বত্র প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (১) ও (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) ও (২) প্রতিস্থাপিত হইবে, যথা:

"(১) যদি উক্ত করদাতা বাস, মিনিবাস, কোস্টার প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী বা মালবহনকারী অটোরিক্সার মালিক হন, তাহা হইলে তাঁহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

	আয়করের পরিমাণ
(ক) তাপানুকুল লাক্সারী বাস ও দোতলাবাস প্রতিটির জন্য	টাকা ৭,০০০.০০
(খ) অন্যান্য বাস প্রতিটির জন্য	টাকা ৬,০০০.০০
(গ) তাপানুকুল মিনিবাস কোস্টার প্রতিটির জন্য	টাকা ৫,০০০.০০
(ঘ) অন্যান্য মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য	টাকা ৪,০০০.০০
(ঙ) কন্‌টেইনার পরিবহণে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য	টাকা ৭,০০০.০০
(চ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	টাকা ৬,০০০.০০
(ছ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক লরী প্রতিটির জন্য	টাকা ৪,০০০.০০
(জ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা মাল পরিবহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য	টাকা ১,০০০.০০

(২) দফা (১) এ বর্ণিত যানবাহন এ বিনিয়োগকৃত অর্থ এই শর্তে করমুক্ত থাকিবে যে, উক্ত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা একশত পঁচিশ ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করিতে হইবে";

(গ) দফা (৫) এর "সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যানবাহনের ফিটনেস নবায়ন করিবেন না" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবেন না" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৩৪ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com
S.R.O. No. 179/1999 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner